দৈনিক
ইনকিলাব

তারিখ 1 5 JAN 2003
পৃষ্ঠা ৩ কলাম ৩

বক্তৃতা করেন।

# মসজিদভিত্তিক পাঠ্যপুস্তক বিতরণ শুরু

স্টাফ রিপোর্টার ঃ গতকাল শনিবার দেশব্যাপী মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় ২০০৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক বিতরণ শুরু হয়েছে। গতকাল বিকেলে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে, ইসলামিক ফাউন্ডেশন মিলনায়তনে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন ধর্ম প্রতিমন্ত্রী মোশারেফ হোসেন শাহজাহান। এ প্রকল্পের আওতায় এবার ১২ হাজার শিক্ষাকেন্দ্রে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে ধর্ম প্রতিমন্ত্রী মোশারেফ হোসেন শাহজাহান বলেন, শিক্ষার আলো গায়ে ঘরে জ্বালাতে হবে। শিশুরাই আগামীদিনের ভবিষ্যৎ। শিশুদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। তিনি বলেন, বছরের প্রথমেই শিশুদের হাতে বই তুলে দিতে পেরে আমরা গর্বিত এবং বর্তমান সরকারের শাসনামলে বই নিয়ে কোন কেলেংকারি নেই। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ধর্ম সচিব খাজা আব্দুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের ডিজি সৈয়দ আশরাফ আলী, সচিব আব্দুল মান্নাফ পাটোয়ারী ও পরিচালক ড. আ. ন. ম আব্দুর রহমান। পরে প্রতিমন্ত্রী শিশুদের মাঝে পাঠ্যপুস্তক বিতরণ করেন।